

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
আন্তর্জাতিক সংস্থাসমূহ শাখা  
ঢাকা

স্মারক নং: ১৯.০০.০০০০.২২৫.৩১.১৩০.২২/১০৯

১২ মার্চ ২০২৩

প্রেরকঃ মিঃ শায়লা শামা  
সিনিয়র সহকারী সচিব (আন্তর্জাতিক সংস্থাসমূহ)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি  
মাননীয় পররাষ্ট্র মন্ত্রী  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ১৫ মার্চ ২০২৩ তারিখে মরক্কোর কাসাব্লাঙ্কাতে দ্বিপাক্ষিক সফর ও ১৬-১৭ মার্চ ২০২৩ তারিখে মৌরিতানিয়ার নোয়াকচটে অনুষ্ঠিতব্য 49<sup>th</sup> Session of the OIC Council of Foreign Ministers (CFM)-এ বাংলাদেশ প্রতিনিধিদলের দলনেতা হিসেবে (সদস্য) অংশগ্রহণের জন্য ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে সরকারি অনুমোদন।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ১৫ মার্চ ২০২৩ তারিখে মরক্কোর কাসাব্লাঙ্কাতে দ্বিপাক্ষিক সফর ও ১৬-১৭ মার্চ ২০২৩ তারিখে মৌরিতানিয়ার নোয়াকচটে অনুষ্ঠিতব্য 49<sup>th</sup> Session of the OIC Council of Foreign Ministers (CFM)-এ বাংলাদেশ প্রতিনিধিদলের দলনেতা হিসেবে (সদস্য) অংশগ্রহণের জন্য ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে সরকারি অনুমোদন জ্ঞাপন করছে।

০২। উল্লিখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ

- ক) উপর্যুক্ত সভায় যোগদানের জন্য আপনি আগামী ১৪ মার্চ ২০২৩ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে মরক্কোর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং সভা সমাপনান্তে আগামী ১৮ মার্চ ২০২৩ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে মৌরিতানিয়া ত্যাগ করবেন;
- খ) সফরকালীন সময়ে আপনি সরকারি কাজে কর্তব্যরত আছেন বলে গণ্য হবে;
- গ) সভায় যোগদানকালীন আপনি বেতন-ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- ঘ) উক্ত আলোচ্য সভায় অংশগ্রহণ সংশ্লিষ্ট ব্যয় বিধি অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের বাজেট বরাদ্দের ১১৮০১০১১০৪১২৫-৩২৪৪১০১ খাত ও উপখাত হতে নির্বাহ করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।




(শায়লা শামা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ০২৪৭১১৯৪৩৭  
ইমেইলঃ iol@mofa.gov.bd

স্মারক নং: ১৯.০০.০০০০.২২৫.৩১.১৩০.২২/১০৯

১২ মার্চ ২০২৩

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ০১। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। মহাপরিচালক (আন্তর্জাতিক সংস্থাসমূহ/প্রশাসন/পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর) পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। পরিচালক (পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ) পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/আইসিটি/বাজেট/তহবিল) পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৬। অফিস নথি।

  
12.03.2023  
(শায়লা শামা)  
সিনিয়র সহকারী সচিব